-: সর্বজনীন দুর্গা, কালী এবং জগদ্ধাত্রী পুজোর সংগঠকদের প্রতি উৎসব সমন্বয় কমিটির আবেদন :-

: গত বারের মত এবারও অন লাইন অফ লাইন পদ্ধতিতে অনুমতি মিলবে :

২০২৩-এর পুজোগুলির নির্ঘন্ট ঃ দুর্গাপুজো ঃ ২০ - ২৪ অক্টোবর, ২২.১০.২৩ তারিখ বিকাল ৪.৪৫ - ৫.৪২ পর্যন্ত সন্ধিপুজো, দেবীর ঘোড়ায় আসা, ঘোড়ায় যাওয়া । **লক্ষ্মীপুজো ঃ ২৮ অক্টোবর, কালীপুজো ঃ ১২ নভেম্বর, দেওয়ালী - ১৩ নভেম্বর, ছটপুজো ঃ ১৯ নভেম্বর এবং জগদ্ধাত্রী পুজো ঃ ২১ নভেম্বর ।**

সুধী, ১৭৯০ সালে বারোজন বন্ধু প্রথম চাঁদা তুলে হুগলির গুপ্তিপাড়ায় বারোয়ারি পুজোর সূত্রপাত করেন । শতাব্দী-অধিক প্রাচীন বারোয়ারি **দুর্গাপুজোগুলি** আজ এক **বিস্ময়** । কোনো কোনো এলাকার কালী ও জগদ্ধাত্রী পুজোও আমাদের মুগ্ধ করে ।

পুজো সফল করতে পুজো-কমিটির পাশাপাশি একাধিক সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানও নিরলস পরিশ্রম করে । এই **দুই প্রতিষ্ঠানের** মধ্যে বোঝাপড়া গড়ে ওঠার উপর অনুষ্ঠানের **সাফল্য** অনেকটাই নির্ভর করে । এই গুরুত্বপূর্ণ **সমন্বয়** গড়ে তোলার কাজে উৎসব সমন্বয় কমিটি দীর্ঘ দিন ধরে সচেষ্ট । দুর্গাপুজো সুষ্ঠু ও বর্ণময় করতে **শুরুর** দিন থেকে প্রতিমা **নিরঞ্জন** পর্যন্ত আন্তরিক ভাবে আয়োজকদের **সতর্ক** ও **সজাগ** থাকতে হবে ।

প্যান্ডেল সংলগ্ন চারিদিকের বাসিন্দা, দর্শনার্থী সহ প্রত্যেকের নিরাপত্তা নিশ্চিত করতে কয়েকটি বিধি-নিষেধ পেশ করা হলো, যা কঠোরভাবে মেনে চলার জন্য প্রতিটি পুজো কমিটির কাছে আবেদন থাকল -

ডি জে - এই বাজনাটির শব্দে সর্বস্তরের মানুষ ভয়ঙ্করভাবে বিব্রত । বাজনাটি নিশ্চিতভাবে পরিহার করুন ।

মন্ডপ পাহারার ক্ষেত্রে আরও অনেক বেশী গুরুত্ব দেওয়া প্রয়োজন । অবাঞ্ছিত ঘটনা এড়াতে প্যান্ডেলে সর্বক্ষণ বিশেষ করে রাত্রে পাহারা রাখতে হবে ।

রাস্তায় প্যান্ডেল বানানোর ক্ষেত্রে এই নিয়মগুলিকে মান্যতা দিতে হবে - ১৫, ১৫-৩০ ও ৩০ ফুটের বেশী চওড়া রাস্তার ক্ষেত্রে যথাক্রমে কম পক্ষে ৪, ৬ ও ১০ ফুট করে ছাড়তে হবে । **প্যান্ডেলের** উচ্চতা ৪০ ফুটের অধিক হবে না । **বাড়ী** ও তার গেট বা পাঁচিল থেকে পুজো প্যান্ডেলের মাঝখানে কমপক্ষে ৪ ফুট ফাঁকা জায়গা রাখতে হবে ।

প্যান্ডেল তৈরির যাবতীয় সামগ্রীতে আগুন প্রতিরোধক **'রিটার্ডেন সলিউশন'** ব্যবহার করা বাঞ্ছনীয় । এছাড়া প্যান্ডলে **জল, বালি,** ৫/৬ ফুট লম্বা ৪/৫ টি **আঁকশি, টর্চ, মই, দমকল** ও **থানার** ফোন নম্বর জরুরি ভিত্তিতে রাখতে হবে । **চারদিক** ঘেরা প্যান্ডেলের ক্ষেত্রে **ঢোকা** এবং **বেরোনোর** নির্দিষ্টভাবে **দুটি** পথ রাখা বাধ্যতামূলক ।

আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হল - ইলেকট্রিক ওয়্যারিং । এই কাজটির প্রতি বিশেষভাবে নজর রাখা প্রয়োজন । আলো জ্বালানোর **তার** থেকে অন্যান্য **ইলেকট্রিক** সরঞ্জাম ব্যবহারের ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহার করুন, 12 K.W. আলোর কমে দুর্গা পুজোর আঙিনা আলোকিত করা কঠিন । অযথা লোড কমাবেন না । **রাত ১১ টার** মধ্যে প্রতিমা নিরঞ্জন পর্ব শেষ করুন । নিরঞ্জনের পর জলাশয়টি পরিষ্কারের ব্যবস্থা করতে হবে ।

আসুন মানুষ যাতে নির্বিঘ্নে মহোৎসবে অংশগ্রহণ করতে পারেন, তার বাতাবরণ গড়ে তুলি ।

তাং ঃ ২-৮-২০২৩
২৩, কালি কুমার মজুমদার রোড,
কলকাতা - ৭০০০৭৫
মোঃ - ৯১৬৩১৩৫২১০

নমস্কারান্তে -
গোবিন্দ চক্রবর্তী
আহ্বায়ক
উৎসব সমন্বয় কমিটি

বিষয় অনুমতি ঃ সর্বজনীন পুজো করতে সংগঠকদের জেলা শাসকের কাছ থেকে লিখিত অনুমতি নিতে হবে । স্থানীয় থানার সুপারিশের ভিত্তিতে জেলা শাসকের পক্ষে অনুমতি দেবেন S.D.O / B.D.O

মূল আবেদন পত্রে সহায়ক পত্র ৬ টি ঃ জেলা শাসকের কাছ থেকে অনুমতি পেতে পুজো আয়োজকদের তিনটি প্রতিষ্ঠান যেমন যে জমির উপর পুজা প্যান্ডেল হচ্চে ওই **জমির মালিক** ও **দমকলের** সম্মতি নিতে হবে । **বিদ্যুৎ কোম্পানির (CESC, WBSEDCL)** মাশুলের টাকা জমা দিতে হবে, আর PCB কে একট অঙ্গীকার পত্র পাঠাতে হবে ।
*** এই কাজগুলি** হয়ে যাওয়ার পর জমির মালিকের সম্মতি পত্র, বিদ্যুৎ মাশুলের টাকা জমা দেওয়ার রশিদ, পুজো কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর ও সিল দেওয়া কাগজ, ২০২৩ এর পুজোর বাজেট 7 নম্বর বক্সে আপলোড করতে হবে । PCB কে যে অঙ্গীকার পত্র পাঠানো হয়েছে 6 নম্বর বক্সে তার তারিখ জানিয়ে পুট করতে হবে
* দমকলের নথি পোর্টালেই আছে । আপলোডের নথি PDF বা JPEG ফর্মাটে পাঠাতে হবে । ২০২২ এর প্রশাসনের অনুমতি পত্র, সেচ্ছাসেবকদের তালিকা এবং রেডক্রসের রশিদ পোর্টালে আপলোড করতে হবে না ।

গত বছরের মত এ বছরেও http://www.s24pgspujapermission.in **এই ওয়েব সাইটে পুজোর অনুমতি মিলবে । তবে কাজটা অন-লাইন অফ-লাইন পদ্ধতিতে হবে ।**

অন লাইনে ৫টি কাজ হবে ঃ পুজো কমিটির নাম রেজিস্ট্রেশন, মূল ফর্ম পূরণ, দমকলের সম্মতি অংশ, থানার সুপারিশ অংশ এবং SDO / BDO-র অনুমতি অংশ ।

অফ লাইনে ৩টি কাজ হবে ঃ জমির মালিকের অনুমতি অংশ, বিদ্যুৎ মাশুলের টাকা জমা এবং রেড ক্রসের অনুদান অংশ (দুর্গা পুজোর ক্ষেত্রে ৩০০ টাকা, কালী ও জগদ্ধাত্রী পুজোর ক্ষেত্রে ২০০ টাকা)

অনুমতির কাজ সারতে ৫ টি ফর্ম লগবে ঃ- একটি মেন **ফর্ম** , অপর **'চারটি'** হল - যে জমির ওপর অনুষ্ঠান হবে, ওই **জমির মালিক, দমকল** কর্তৃপক্ষ এবং **বিদ্যুৎ** (CESC / WBSEDC) কোম্পানীর কাছ থেকে ''**সম্মতি**'' নিতে অন্যটি পশ্চিমবঙ্গ রাজ্য **দূষণ নিয়ন্ত্রণ** পর্ষদকে অঙ্গীকার পত্র পাঠাতে ।

ফর্ম পাওয়া যাবে কোথায় ঃ- পাঁচটি ফর্মের মধ্যে মেন ফর্ম এবং দমকলের ফর্ম পোর্টালে আছে । জমির মালিক, বিদ্যুৎ কোম্পানি এবং PCB-র কাছে আবেদন করার তিনটি ফর্ম, www.baruipursdredcross.org এই ওয়েবসাইটে পাওয়া যাবে কমিটির আবেদন, শিবিরের সূচী, ইলেকট্রিশিয়ান ও ডেকোরেটরের প্যান্ডেলে কাজ করার বয়ানটি ডাউনলোড করুন ।
ওয়েবসাইট খুলে স্ক্রীন এর ডান দিকের উপরে Durga Puja-2023 বোতাম টিপলে ফর্মগুলি পাওয়া যাবে ।

Camp ঃ গত বছর যেখানে ক্যাম্প হয়েছিল ওখানেই ক্যাম্প করে অফ-লাইনের কাজগুলি করা হবে । ক্যাম্পে থানার প্রতিনিধি, বিদ্যুৎ কোম্পানী এবং রেড ক্রসের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন । দমকল SDO / BDO-র প্রতিনিধিরা ক্যাম্পে থাকবে না । ক্যাম্পে উপস্থিত থানার প্রতিনিধিকে ২০২২-এর অনুমতির একটি নকল নিয়ে তিনটি ফর্মের উপর NOC লিখে স্বাক্ষর করে দিতে হবে ।

আবেদন পেশ করার তারিখ ঃ দুর্গা পুজোর ক্ষেত্রে 25.9.2023 - 30.9.2023 এবং কালী ও জগদ্ধাত্রী পুজোর জন্য 1.11.2023 - 4.11.2023 ।

পোর্টালে কাজ শুরুর আগে এই পাঁচটি সহায়ক পত্র প্রস্তুত করুন ঃ-
পুজা কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর ও সিল দেওয়া কাগজ, পুজা কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর যুক্ত

সাইট ম্যাপ, Electric Contractor ও Decorator-এর প্যান্ডেলে কাজ করার **সম্মতি পত্র,** ২০২৩ - পুজোর বাজেট ।

এবার অনুমতির কাজ শুরু করুন ঃ কম্পিউটারের ব্রাউজারে http://www.s24pgspujapermission.in টাইপ করে এন্টার বোতামটি টিপলেই ওয়েব সাইটের হোম পেজ খুলে যাবে ।

এই পোর্টালে ৭টি বক্স আছে ঃ ১ থেকে ৬ নম্বর বক্স তথ্য সম্বলিত ফর্ম আর ৭ নম্বর বক্সটি সহায়ক পত্র আপলোড বক্স । প্রথম পাতাটি পুজো কমিটির নাম রেজিস্ট্রেশনের জন্য, দ্বিতীয় পাতাটি পুজোর প্রধান ফর্মের তথ্য সম্বলিত, তৃতীয় পাতাটি জমির মালিকের জন্য, চতুর্থ পাতাটি দমকলের জন্য, পঞ্চম পাতাটি বিদ্যুৎ কোম্পানির জন্য এবং ষষ্ঠ পাতাটি PCB-র জন্য নির্দিষ্ট । আর সপ্তম বক্সটি প্রয়োজনীয় নথি আপলোড করার জন্য ।

পুজো কমিটির নাম রেজিস্ট্রেশন ঃ এই রেজিস্ট্রেশন পর্ব দিয়েই অনলাইনে কাজ শুরু করতে হবে । পোর্টালের অ্যাপলাই অনলাইন অপ্‌শনে ক্লিক করে পুজো কমিটির নাম, ই-মেল আই.ডি এবং মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রি করতে হবে । তারপর লগ-ইন অপ্‌শনে ক্লিক করতে হবে, যে মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রি করা হয়েছে ওই মোবাইলেই ও.টি.পি আসবে । ওই ও.টি.পি দিয়ে অনলাইনে কাজ সমাধা করতে হবে । উল্লেখ্য গত বছর যে মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রি করা হয়েছিল এবার ওই মোবাইল নম্বর ব্যবহার করলে কাজের অনেক সুবিধা হবে ।

পোর্টালে কাজ শুরুর আগে পোর্টালটি বারকয়েক চেক করুন ঃ পোর্টালে ১ থেকে ৬টি পাতা/ফর্ম যেভাবে পরপর সাজানো আছে এবং যে ফর্মের সঙ্গে যে তথ্য চাওয়া হয়েছে সেই তথ্য দিয়ে পতাটি পূরণ করে সেভ করে তবে পরের পাতায় যেতে হবে ।

৭ নং বক্সে যে সহায়ক পত্র আপলোড করতে হবে তা হল ঃ
পুজো কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর যুক্ত কাগজ, ২০২৩-র জমির মালিকের সম্মতি পত্র, পুজো কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর যুক্ত প্যান্ডেলের সাইট ম্যাপ, সরকারী লাইসেন্স প্রাপ্ত Electric Contractor ও Decorator-এর প্যান্ডেলে কাজ করার **সম্মতি পত্র** পুজোর বাজেট, ২০২৩-এর বিদ্যুৎ মাশুলের টাকা জমা দেওয়ার রসিদ ।

পুজোর অনুমতি পত্র ডাউনলোড করুন ঃ অনুমতি পেতে যে পদ্ধতি উল্লেখ করা হয়েছে তা যথাযথ করে থানার উদ্দেশ্যে ফরোয়ার্ড করুন । থানা সব তথ্য পরীক্ষা করে চেক এন্ড ভেরিফাইড লিখে পুজোর অনুমতি দেওয়ার জন্য সংশ্লিষ্ট SDO / BDO কে ফরোয়ার্ড করবে ।

অনুমতি প্রদানকারী আধিকারিক থানার সুপারিশের ভিত্তিতে অনুমতি দেবেন । পুজো কমিটিকে অনুমতিপত্রটি download করে নিতে হবে ।

এবারও আবেদনপত্রের সঙ্গে সহায়ক পত্র দিতে হবে ঃ ৫টি ফর্মের মধ্যে PCB-র ফর্মের সঙ্গে কোনো সহায়কপত্র দিতে হবে না । ফর্মটি যথাযথভাবে পূরণ করে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষর যুক্ত করে থানা থেকে NOC নিয়ে ms.wbpcb-wb@bangla.gov.in এই ই-মেলে পাঠিয়ে, পোর্টালের ৬ নং পাতায় পাঠানোর তারিখটি সেভ করুন ।

বাকি ৪টি ফর্মের সঙ্গে যে সহায়কপত্র দিতে হবে তা দেওয়া হল -

মেন ফর্মে ৬টি ঃ- কী সহায়ক পত্র দিতে হবে পূর্বেই উল্লেখ করা হয়েছে

জমির ফর্মে ৩টি ঃ পুজো কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষরযুক্ত পুজোমন্ডপের সাইট ম্যাপ এবং ২০২২-এর প্রশাসন ও জমির মালিকের দেওয়া সম্মতিপত্র । ২০২৩ এর জমির মালিকের সম্মতিপত্রটি ৭ নং বক্সে আপলোড করতে হবে । খাস জমির ক্ষেত্রে সম্মতি নিতে হবে B.L.R.O-র কাছ থেকে ।

ফায়ার ব্রিগেড ফর্মে ৩টি ঃ পুজো কমিটির প্যাডে সভাপতি ও সম্পাদকের পূর্ণ স্বাক্ষরযুক্ত পুজোমন্ডপের সাইট ম্যাপ, যে ডেকরেটার ও সরকারি লাইসেন্সপ্রাপ্ত ইলেকট্রিক কন্ট্রাক্টর প্যান্ডেলে কাজ করছেন, তাঁদের প্যাডে কাজ করার সম্মতিপত্র, এই তিনটি নথি ৭ নং বক্সে আপলোড করতে হবে । সম্মতিপত্রে যা লিখতে হবে তার বয়ান হল -

To
The Director General, West Bengal Fire & Emergency Services
13-D, Mirza Galib Street, Kolkata - 700016

Sir,
This is to certify that the Electrical job of the Pandal at .... is under taken by undersigned and the job will be done as per Indian Electricity Act. My / Our Licence No. is ....

Seal Signature of Contractor
Date 20

Decorator-এর ক্ষেত্রে বয়ান হবে

To
The Director General, West Bengal Fire & Emergency Services
13-D, Mirza Galib Street, Kolkata – 700016

This is to certify that I have taken over the contract for erecting pandal of .... Puja Committee in connection with Durga Puja / Kali Puja 2023 and also declare that I will abide by all the norms & laid down in section 23A of West Bengal Fire Service Act 1950 with up to date amendment. My / Our Licence No. is ....

Seal Signature of Decorator
Date 20

বিদ্যুৎ ফর্মে ৩টি ঃ সরকারী লাইসেন্সধারী ইলেকট্রিক কন্ট্রাকটরের পূর্ণ স্বাক্ষর ও সিল দেওয়া TEST FORM, জমির মালিক ও দমকলের ২০২৩-এর সম্মতিপত্র । **বিদ্যুৎ মাশুলের** টাকা জমা দেওয়ার রসিদ ৭ নং বক্সে আপলোড করতে হবে ।

কর ও মাশুল ঃ- দমকল কর্তৃপক্ষের সম্মতি নিতে কর দিতে হবে না, কর দিতে হবে না রাজ্য সরকারের অধীনস্ত জমির উপর পুজো প্যান্ডেল করলে । দুইটি পদ্ধতিতে প্যান্ডেলে বিদ্যুৎ সংযোগ নেওয়া যাবে, লুপ এবং পোল থেকে । থ্রী ফেজ বিদ্যুৎ সংযোগের জন্য CESC কে দিতে হবে ৬০০ টাকা, রাজ্য বিদ্যুতের ক্ষেত্রে ৫৭০ টাকা, সিঙ্গল ফেজে CESC কে ৩০০/- টাকা রাজ্য বিদ্যুত কে ২২০/- টাকা দিতে হবে । মন্ডপের ভেতরে ২০ ঘন্টা, বাইরে ১৩ ঘন্টা (5 p.m to 5 a.m), CESC এর ক্ষেত্রে প্রতি K.W. ৭.৪৪ টাকা, রাজ্য বিদ্যুতের ক্ষেত্রে প্রতি দিন প্রতি K.W. ১৮৮ টাকা, যত টাকা বিল হবে তার থেকে ৬৬ শতাংশ বাদ যাবে । কালী ও জগদ্ধাত্রী পুজোর ক্ষেত্রে ইলেকট্রিক মাশুলে ছাড় প্রযোজ্য নয় ।

ঃ সৌজন্যে ঃ

ভারতীয় রেড ক্রস সোসাইটি
দক্ষিণ ২৪ পরগণা শাখা
বেলভেডিয়া রোড, আলিপুর
কোলকাতা - ৭০০০২৭
যোগাযোগ - 9874359943 / 7044179862

ঃ ২০২৩-এর প্রতিমা নিরঞ্জনের তারিখ ঃ

দুর্গা - ২৪.১০.২০২৩ থেকে ২৬.১০.২০২৩, লক্ষ্মী - ২৯.১০.২০২৩, কালী - ১৩.১১. ২০২৩ থেকে ১৫.১১.২০২৩, জগদ্ধাত্রী - ২২.১১.২০২৩ এবং ২৩.১১.২০২৩